

উপজেলা পরিষদ কার্যালয়
মহেশপুর, ঝিনাইদহ।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

সমাজ কল্যান কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ আজিজুল হক আজা
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মহেশপুর, ঝিনাইদহ।

সভার স্থান : ভাইস চেয়ারম্যান এর কার্যালয়
মহেশপুর, ঝিনাইদহ।
সভার তারিখ : ১২/০৫/২০২২ খ্রিঃ।
সভার সময় : ১২:০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর (ক্রমানুসারে)	স্বাক্ষর
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত
চেয়ারম্যান, নেপা ইউপি, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত
চেয়ারম্যান, স্বরূপপুর ইউপি, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত
চেয়ারম্যান, শ্যামকুড় ইউপি, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত
উপজেলা সমাজসেবা অফিসার, মহেশপুর, ঝিনাইদহ	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। চেয়ারম্যান, এসবিকে ইউপি, মহেশপুর, ঝিনাইদহ বলেন বর্তমান সরকার গুরুত্বপূর্ণ কার্যক্রম পর্যালোচনার জন্য এই স্থায়ী কমিটি দেশ জাতীয় উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। সভাপতি সদস্য সচিবকে সভার কার্যক্রম পরিচালনা করার জন্য দৃষ্টি আকর্ষণ করেন।

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।


০২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের তত্ত্বাবধানে বাস্তবায়নধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রণয়নের সুযোগ আছে। এ প্রসঙ্গে কমিটির সদস্য জনাব মোঃ আরিফান হাসান চৌধুরী, চেয়ারম্যান, ০৪ নং স্বরূপপুর ইউপি, মহেশপুর, ঝিনাইদহ সভাকে অবহিত করেন যে, প্রতিবন্ধীরা বর্তমান সমাজে অবহেলার পাত্র হিসেবে বিবেচিত হচ্ছে। এদেরকে সামাজিক শক্তিতে রূপান্তরিত করা প্রয়োজন। এবিষয়ে প্রতিবন্ধীদের জন্য একটি আয়বর্ধনমূলক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন প্রয়োজন যেন প্রতিবন্ধীরা অর্থনৈতিকভাবে সাবলম্বী হয়ে সমাজ উন্নয়নে ভূমিকা রাখতে পারে। এ লক্ষ্যে ১ টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প উপজেলা পরিষদে প্রেরণ করা যেতে পারে। এবিষয়ে আলোকপাত করা যেতে পারে।

সিদ্ধান্ত : সমাজ উন্নয়নে ভূমিকা রাখার জন্য সক্ষম প্রতিবন্ধীদের নিয়ে আয়বর্ধনমূলক কার্যক্রম সম্পর্কিত নিম্নোক্ত ১ টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা অনুমোদনের জন্য উপজেলা পরিষদে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

১ টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা :

ক্রঃ	উপ-প্রকল্পের নাম	বাস্তবায়নকারী বিভাগ
০১	সক্ষম প্রতিবন্ধীদের সবজি ও মুরগী পালন বিষয়ক প্রশিক্ষণ	সমাজসেবা বিভাগ

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



সভাপতি

সমাজ কল্যান কমিটি

ও

উপজেলা ভাইস চেয়ারম্যান

মহেশপুর, ঝিনাইদহ

তারিখ : ১২/৫/২০২২ খ্রিঃ।


স্মারক নং- উপ/সমাজসেবা/অ/মহেশ/ঝিনাই/২০২০-

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল :-

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ।

০২। উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর, ঝিনাইদহ।

০৩। অফিস কপি।



সদস্য-সচিব

ও সমাজসেবা অফিসার

মহেশপুর, ঝিনাইদহ